

**AKASHVANI (AIR)  
RNU : KOLKATA  
Bengali Text Bulletin**

**Date: 08.12.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) ভারত - বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়ে ঢাকা আশাবাদী বলে দেশের বিদেশ বিষয়ক উপদেষ্টা মন্তব্য করেছেন।

ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রি আগামীকাল ঢাকা যাচ্ছেন।

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নীপিড়নের অভিযোগ ও তার প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জায়গায় আজও মিছিল বের করা হয়।

২) নিউটাউনের এক অভিজাত শপিংমলে স্পা সেন্টারের আড়ালে মধুচক্র চালানোর অভিযোগে ৩ মহিলা সহ ১০ জনকে গ্রেফতার করা হয়েছে।

৩) পশ্চিমী ঝঁঝা ও নিম্নচাপের কারণে রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাষ। দার্জিলিং-এ তুষারপাতের সম্ভাবনা।

৪) শীতের মরশুমেও রাজ্য মশাবাহিত রোগের প্রকোপ উদ্বেগ বাঢ়াচ্ছে।

৫) কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ পঞ্চম দিনেও জমজমাট।

৬) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের বিদেশ বিষয়ক উপদেষ্টা মহম্মদ তৌহিদ হোসেন বলেছেন, গত ২-৩ মাস ধরে ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্যের যে ঘাটতি চলছে। তার নিষ্পত্তি বিষয়ে ঢাকা আশাবাদী। বাংলাদেশের রাষ্ট্রায়ন্ত্র সংবাদ সংস্থা বিএসএস, এ খবর দিয়ে জানাচ্ছে, খুব শীঘ্ৰই সৌহার্দ্যপূর্ণভাবে বিষয়টির নিষ্পত্তি ঘটবে বলে বিদেশ বিষয়ক উপদেষ্টা মন্তব্য করেছেন।

উল্লেখ্য, ভারত বাংলাদেশ বিদেশ দফতর আলোচনা FOC-র আওতায় দু-দেশের বৈঠকে যোগ দিতে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রি আগামীকাল ঢাকা যাচ্ছেন। এই বৈঠকে দু-দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য সহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে বলে আশা করা হচ্ছে।

শ্রী হোসেন বলেন, সমস্যার সমাধান করতে চাইলে প্রথমে সেই সমস্যার অস্তিত্ব স্বীকার করে নিতে হবে। ৫-ই আগস্ট বাংলাদেশের রাজনৈতিক পটপরিবর্তনের পর দু-দেশের সম্পর্কের গুণগত পরিবর্তন হয়েছে বলে শ্রী হোসেন মন্তব্য করেছেন।

উল্লেখ্য, গত শুক্রবার ভারতের বিদেশমন্ত্রকের মুখ্যপাত্র রঞ্জীর জয়সোয়াল বিদেশ সচিবের ঢাকা সফরের কথা জানিয়ে বলেন, এই সফরকালে বিদেশ সচিবের সঙ্গে বাংলাদেশের বিদেশ সচিব সহ অন্যান্য গুরুত্বপূর্ণ পদাধিকারিকদের সঙ্গে আলোচনা হবে। FOC হলো দু-দেশের মধ্যে বিদেশ সচিব পর্যায়ে আলোচনার স্থায়ী কাঠামো।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের অভিযোগে এবং তার প্রতিবাদে আজও রাজ্যের বিভিন্ন জায়গায় প্রতিবাদ মিছিল বের হয়। সনাতনী জাগরণ এক্য মধ্যের মিছিল থেকে বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তা এবং ইঙ্গনের প্রাক্তন সদস্য চিন্ময় কৃষ্ণ দাসের মুক্তির দাবি জানানো হয়। বাঙালি হিন্দু সুরক্ষা সমিতি আজ নিউটাউনের গোবিন্দনগর ব্রীজ থেকে বাণ্ডাইহাটি পর্যন্ত মিছিল করে।

ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস বলেন, চিন্ময় কৃষ্ণ দাসের পাশে যারা দাঁড়াতে চান, তাদের বিরুদ্ধে মামলা করা হচ্ছে।

(বাইট - রাধারমন)

এদিকে, মেদিনীপুরে আজ বাঙালি হিন্দু সুরক্ষা সমিতির ডাকে মহামিছিল অনুষ্ঠিত হয়। বিকেলে এই মিছিল রিং রোড পরিক্রমা করে। প্রায় ২০ হাজার

মানুষ এতে অংশ নেন। নিষ্পার্ক মঠের সন্ন্যাসী সুভাষ শরণ দেব মহত্ত্ব জানান, বাংলাদেশের পরিস্থিতির উন্নতি না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন তারা।

০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বসিরহাটের স্বরূপনগরে ভারত-বাংলাদেশ সীমান্ত পেরিয়ে ওদেশে যাওয়ার সময় এক মহিলা সহ তিন বাংলাদেশী নাগরিককে বিএসএফ গ্রেপ্তার করেছে। জাহানারা খাতুন, রফিকুল ইসলাম ও রাজু মোল্লা নামে এই তিন বাংলাদেশী নাগরিক, তারালি সীমান্ত দিয়ে ওপারে যাওয়ার চেষ্টা করছিল। এদের বাড়ি যথাক্রমে যশোর, রাজশাহী এবং খুলনায়। স্বরূপনগর থানার পুলিশ, তাদের আজ বসিরহাট মহকুমা আদালতে পেশ করলে বিচারক তাদের ১৪ দিনের জেল হেফাজতে পাঠিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

কলকাতার উপকর্ত্ত্বে নিউটাউনের একটি অভিজাত শপিং মলে স্পা-সেন্টারের আড়ালে মধুচক্র চালানোর অভিযোগে তিন মহিলা সহ ১০ জনকে গ্রেপ্তার করেছে বিধাননগর গোয়েন্দা শাখা এবং নিউটাউন থানার পুলিশ। ধৃতদের আজ আদালতে তোলা হলে ৭ দিনের জেল হেফাজত হয়েছে। সাইনবোর্ডে "স্পা" লেখা থাকলেও, দীর্ঘদিন ধরেই সেখানে বেআইনি কার্যকলাপ চলছিল বলে অভিযোগ। গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গতকাল এদের ধরা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

মালদার মানিকচকের ভূতনীর দক্ষিণ চক্রীপুর গ্রাম পঞ্চায়েতের লটিহারায় আবাস যোজনার তালিকায় তৃণমূল কংগ্রেস নেতা ঘনিষ্ঠ অযোগ্য ব্যক্তিদের নাম আসার প্রতিবাদ করায় এক CITU নেতা আক্রান্ত হয়েছেন। শ্রমিক সংগঠন CITU-র মালদা জেলা কমিটির সদস্য দানেশ আলি বর্তমানে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। দুপক্ষের সংঘর্ষে আজ ঐ এলাকা রন্ধনে হয়ে ওঠে। আটক চারজন। অভিযোগ, স্থানীয় তৃণমূল নেতা আবির আলির পরিবারের ১২ জনের নাম আবাস তালিকায় আসায় বিষয়টি নিয়ে দানেশ, বিডিও ও জেলাশাসকের কাছে অভিযোগ জানান। সেই আক্রোশ থেকে আবির সহ শাসকদলের কর্মীরা তাঁর উপর হামলা চালায়। তাঁকে ছুরি দিয়ে আঘাতও করা হয় বলে অভিযোগ। এর জেরে দুপক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। ইটবৃষ্টির পাশপাশি অগ্নিসংযোগেরও খবর মিলেছে। ভূতনী থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে, তৃণমূলের অঞ্চল সভাপতি দীজেন মন্ডলের দাবী, পুরনো জমি বিবাদের জেরেই এই ঘটনা। অভিযুক্ত আবির আলি শাসক দলের কেউ নন বলেও তিনি  
জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের তমলুক কৃষি সমবায় সমিতির নির্বাচনকে ঘিরে আজ তুমুল উত্তেজনা সৃষ্টি হয়। কাঞ্চননগর হাইস্কুলে ভোটগ্রহণ কেন্দ্র থেকে মাত্র ২-শো মিটারের মধ্যে কিছু দুষ্কৃতি বোমা ছোঁড়ে বলে অভিযোগ। বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে রয়েছে। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে।

০০০০০০০০০০০০০০০০

পশ্চিমী ঝাঙ্গা এবং বঙ্গোপোসাগরে সৃষ্টি নিম্নচাপের কারণে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী দু-দিন বৃষ্টির সম্ভাবনা। পশ্চিমাঞ্চলের জেলাগুলিতেও হাঙ্কা বৃষ্টি হতে পারে। দার্জিলিং-এ তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় উপ-মহানির্দেশক ডষ্টের সোমনাথ দত্ত এখবর দিয়ে জানিয়েছেন উত্তুরে বাতাস আসার পথে বাধা কেটে গেলে ১০-ই ডিসেম্বরের পর রাজ্যে শীত পড়ার সম্ভাবনা।

### (বাইট - সোমনাথ)

এদিকে, পুরুলিয়ায় আজ তাপমাত্রা ৯ ডিগ্রী সেলসিয়াসে নেমে গেছে। ডিসেম্বর থেকে জেলায় শীতের প্রকোপ বাঢ়ছে। তবে, পর্যটকরা পুরুলিয়ার শীত উপভোগ করছেন বলে আমাদের জেলার সংবাদদাতা জানাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

শীতের মরশ্মেও ডেঙ্গু, চিকুনগুনিয়ার মত মশা বাহিত রোগের প্রকোপ উদ্বেগ বাঢ়চ্ছে। ইতিমধ্যেই রাজ্যে আক্রান্তর সংখ্যা ৩০ হাজার ছুঁতে চলেছে বলে স্বাস্থ্য দফতরের পরিসংখ্যানে জানা গিয়েছে। ওই রিপোর্টে বলা হয়েছে, চলতি মাসের ২ তারিখ পর্যন্ত রাজ্য ২৯ হাজার ৫২২ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। গত এক সপ্তাহে আক্রান্ত হয়েছেন ১ হাজার ৩৪৬ জন। পাশাপাশি ৮টি জেলায় ম্যালেরিয়ার প্রকোপও দেখা দিয়েছে। আলিপুরদয়ার, মালদহ, দিনাজপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বিষ্ণুপুর স্বাস্থ্য জেলা মিলিয়ে ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা ১২ হাজার ছাড়িয়েছে। এছাড়া হাওড়া, ব্যারাকপুর, সোদপুর, দমদম, কসবা, যাদবপুর, টালিগঞ্জ এবং আরও কিছু এলাকায় চিকুনগুনিয়া আক্রান্ত রোগীর সন্ধান মিলেছে।

মশা নিধন অভিযানের পাশাপাশি স্বাস্থ্য দফতরের তরফে সচেতনতা প্রচারেও জোর দেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ পঞ্চম দিনে জমজমাট। আজ দেখানো হয় শতবর্ষ শ্রদ্ধাঙ্গাপন বিভাগে বিখ্যাত গড় ফাদার।

ভালো ছবি দেখতে আগ্রহী দর্শকদের ভীড়ের পাশাপাশি ফিল্ম নিয়ে আলোচনায় অংশ নেন  
বিশিষ্ট পরিচালক ও সমালোচকরা। একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট - অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের রায়নায় হারভেস্টার মেশিনের সঙ্গে জোড়া ট্রাক্টরে চাপা পড়ে এক  
যুবকের মৃত্যু হয়েছে। গ্রেণ্টার ট্রাক্টরের চালক। জানা গেছে, বছর ১৯-এর হেমাল  
কিস্তি গতকাল সকালে মাঠে ধান ঝাড়াইয়ের কাজ করতে যান। ধৃত সুরজিৎ সরেন  
অসাবধানতাবশত ট্রাক্টরটি ঘোরাতে গেলে সেটি উল্টে যায়। চাপা পড়েন হারভেস্টার  
মেশিনের পাশে দাঁড়িয়ে থাকা হেমাল। স্থানীয় বাসিন্দারা তাঁকে উদ্ধার করে বর্ধমান  
মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। এরপর  
আজ সকালে রায়না থানায় আত্মসমর্পণ করে সুরজিত।

০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার জগৎবল্লভপুরের পলদুন্তিয়ার বাঁধ এলাকায় অসিত ভুঁইয়া নামে একজনের  
ওপর হামলার ঘটনায় রাহুল আমিন নামে একজনকে বিহারের মধুবনি থেকে গ্রেফতার  
করা হয়েছে। মুর্শিদাবাদের বাসিন্দা রাহুলকে হাওড়া গ্রামীণ জেলা পুলিশ হাওড়ায় নিয়ে  
আসছে।

০০০০০০০০০০০০০০০০০০০

গুয়াহাটির ইন্দিরা গান্ধী অ্যাথলেটিকস স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে  
মোহনবাগান সুপার জায়ান্ট, নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু  
আগে পাওয়া খবরে জানা গেছে,  
খেলা গোলশূন্য রয়েছে।

মোহনবাগান ৯ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে আছে।  
অন্যদিকে, নর্থ ইস্ট ইউনাইটেড ১০ ম্যাচে ১৫ পয়েন্ট পেয়ে ষষ্ঠ স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০